



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৬ জানুয়ারি ২০১৮খ্রি.

কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজ শিক্ষার্থীদের পুনর্মিলনী অনুষ্ঠিত

কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের পুনর্মিলনী উপলক্ষে আজ ২৬ জানুয়ারি ২০১৮ইং শুক্রবার কলেজ প্রাঙ্গনে উৎসবে উঠেছে প্রাক্তন শিক্ষার্থীরা। ‘শিখরের টানে’ এই শ্লোগানকে ধারণ করে কুলগাঁও সিটি কর্পোরেশন কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের দিনব্যাপী পুনর্মিলনী অনুষ্ঠান শুরু হয়। বেলুন উড়িয়ে পুনর্মিলনী অনুষ্ঠান উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেয়র আ জ ম নাছির উদ্দীন। আনন্দ র্যালী দিয়ে শুরু হয় উৎসব আনন্দ। উদ্বোধনের পর প্রধান অতিথি, বিশেষ অতিথি ও শিক্ষকদের ফুল দিয়ে বরণ করা হয়। এদিকে কলেজ প্রতিষ্ঠার ২০ বছরে এই প্রথম প্রাক্তন ছাত্রছাত্রীদের পুনর্মিলনী আয়োজিত হয়েছে।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, এই ধরনের অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে যান্ত্রিক জীবন থেকে বিনোদনে কাটানো যায়। তিনি বলেন, দল মত নির্বিশেষে মৌলিক বিষয়গুলো নিয়ে যদি ঐক্যবদ্ধ ভাবে কাজ করা যায় তাহলে দেশের উন্নয়ন ও অগ্রগতি সম্ভব। মেয়র আরো বলেন, নগরীর জলাবদ্ধতা নিরসনে প্রথমে সচেতনতা সৃষ্টি করতে হবে। নালা-নর্দমায় আবর্জনা না ফেলে নির্দিষ্ট স্থানে বা ডোর টু ডোর কার্যক্রমে আবর্জনা সংগ্রহকারী সেবকদের হাতে ময়লা তুলে দিলে নালা-নর্দমা ভরাট হবে না। ফলে জলাবদ্ধতা সহনীয় পর্যায়ে নেমে আসবে। তিনি কলেজের প্রাক্তন ছাত্রছাত্রীদের কলেজের উন্নয়নে যেকোন পরামর্শ প্রদানের আহ্বান জানান এবং কলেজের নিজস্ব স্থায়ী ভবন তৈরির ঘোষণা দেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের প্রাক্তন ছাত্র ও কাউন্সিলর সাহেদ ইকবাল বাবু। বিশেষ অতিথির বক্তব্য রাখেন কলেজ অধ্যক্ষ আমিনুল হক খান, গভর্নিং বডির সদস্য শফিকুল আলম বিকম, মোহাম্মদ জানে আলম, মোহাম্মদ ইয়াকুব, কামরুল ইসলাম, পুনর্মিলনী কমিটির আহবায়ক তপন চন্দ্র মজুমদার প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন প্রাক্তন ছাত্র নাজমুল কবির। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ নির্বাহী কমিটির সদস্য বেলাল আহমদ, জামালখান ওয়ার্ড আওয়ামী লীগ সাধারণ সম্পাদক মোরশেদুল আলম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ প্রাক্তন সভাপতি আলমগীর টিপু। অনুষ্ঠানে ‘শিখরের টানে’ শীর্ষক স্মরণিকার মোড়ক উন্মোচন করেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠান শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা